# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২০৫

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ যেসব শর্তসাপেক্ষে একজন ব্যক্তি সম্পদ গ্রহণ করলে, তাতে বারাকাহ দেওয়া হবে, সে সম্পর্কে বিবরণ

ذِكْرُ الْإِخْبَارِ عَنِ الشَّرَائِطِ الَّتِي إِذَا أَخَذَ الْمَرْءُ الْمَالَ بِهَا بُورِكَ لَهُ

---

আরবী

3205 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا تَمِيمُ بْنُ الْمُنْتَصِرِ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ الْأَزْرَقُ عَنْ شَرِيكٍ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إن الدنيا خضرة وحلوة فَمَنْ أَعْطَيْنَاهُ مِنْهَا شَيْئًا بِطِيبِ نفسٍ منَّا وحُسْنِ طُعمة مِنْهُ مِنْ غَيْرِ شَرِهِ نَفْسٍ بُورِكَ لَهُ فِيهِ وَمَنْ أَعْطَيْنَاهُ مِنْهَا شَيْئًا بِغَيْرِ طِيبِ نَفْسٍ مِنَّا وَحَسَنِ طُعْمَةٍ مِنْهُ وَإِشْرَافِ نَفْسٍ كَانَ غَيْرَ مُبَارَكٍ لَهُ فِيهِ)

الراوي : عَائِشَةُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3205 | خلاصة حكم المحدث: صحيح لغيره ـ ((التعليق الرغيب)) (2/ 14).

বাংলা

৩২০৫. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “নিশ্চয়ই দুনিয়া সবুজ-শ্যামল ও সুমিষ্ট। সুতরাং যাকে আমরা দুনিয়ার কোন কিছু খুশি মনে প্রদান করি আর সে তাতে নির্লোভ থাকে, তবে তাতে বারাকাহ দেওয়া হবে। সুতরাং যাকে আমরা দুনিয়ার কোন কিছু অখুশি মনে প্রদান করি আর সে তাতে লোভাতুর থাকে, তবে তাতে বারাকাহ দেওয়া হয় না।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৬৮; হাইসামী, মাজমাউয যাওয়াইদ: ৩/১০০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ২/১৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92535

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন